**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৬.১৯-৫০১

তারিখঃ ০৮ পৌষ ১৪২৬ / ২৩ ডিসেম্বর ২০১৯

# পরিপত্র-৩

বিষয় : **জাতীয় সংসদের ২৮৫ চট্টগ্রাম-৮ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ইভিএম এর নিরাপত্তা, ইভিএম ও বিভিন্ন সিল সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা, ভোটকেন্দ্রে বিভিন্ন রকমের সিল প্রেরণ এবং আইন অনুসারে নির্বাচনি কাগজপত্র সংরক্ষণ**

উপর্যুক্ত বিষয়ে জাতীয় সংসদের সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচনি দ্রব্যাদি যথাযথভাবে সংরক্ষণ, ভোটকেন্দ্রে প্রেরণ এবং ভোটগ্রহণ শেষে ভোটকেন্দ্র হতে সিলগালাকৃত কাগজপত্র ও নির্বাচনি দ্রব্যাদি ট্রেজারিতে সংরক্ষণের বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন বিশেষভাবে গুরুত্বারোপ করেছেন। ইভিএমসহ বিভিন্ন নির্বাচনি দ্রব্যাদি রিটার্নিং অফিসারের নিকট যথাসময়ে প্রেরণ করা অত্যাবশ্যক। ইভিএমসহ বিভিন্ন নির্বাচনি দ্রব্যাদি জেলা পর্যায়ে পৌঁছানোর পর জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

২। **ইভিএম-এর নিরাপত্তা** : নির্ধারিত সময়সূচি অনুযায়ী পর্যাপ্ত নিরাপত্তার সাথে ইভিএমসমূহ জেলা পর্যায়ে নিতে হবে। জেলা পর্যায় থেকে উপজেলা পর্যায়ে এবং পরবর্তীতে প্রিজাইডিং অফিসার কর্তৃক ভোটকেন্দ্রে নিয়োজিত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যসহযোগে ভোটকেন্দ্রে অন্যান্য মালামালের সাথে নিয়ে যেতে হবে। ইভিএম বিতরণ ও সরবরাহের সময় নির্বাচনি এলাকায় দায়িত্বপ্রাপ্ত বিভিন্ন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যগণ নিরাপত্তা প্রদান করবেন।

৩। **বিভিন্ন ধরনের সিলের সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা** : ইভিএমসহ অন্যান্য মালামাল প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের পূর্বমুহূর্ত পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করতে হবে এবং সকল পর্যায়ে যাতে ইভিএম এবং অফিসিয়াল সিলের গোপনীয়তা রক্ষিত হয় তার নিশ্চয়তা বিধান করতে হবে। বিশেষ করে নির্বাচনি মালামাল সংরক্ষণ, বিতরণ ও সরবরাহের সময় অফিসিয়াল সিলের কোড নম্বরের গোপনীয়তা রক্ষা করতে হবে।

৪। **ব্রাস সিলের নিরাপত্তা কোড নম্বর** : রিটার্নিং অফিসারের নিকট দুই ধরনের সিল অর্থাৎ অফিসিয়াল সিল এবং ব্রাস সিল প্রেরণ করা হবে। প্রেরিত দুইটি সিলে নিরাপত্তামূলক নম্বর (কোড মার্ক) রয়েছে। সুতরাং এই সিল দু'টি প্রিজাইডিং অফিসারদের মধ্যে বিতরণের সময় কোন্ ভোটকেন্দ্রে কোন্ নম্বরের সিল সরবরাহ করেছেন তা বিতরণ রেজিস্টারে লিখে রাখতে হবে এবং প্রত্যেক সিলের ছাপও নিরাপদ স্থানে রক্ষণাবেক্ষণ করতে হবে।

৫। **হেসিয়ান ব্যাগ ও গানি ব্যাগের মাধ্যমে নির্বাচনি দ্রব্যাদি প্রেরণ** : বিভিন্ন ধরনের সিল ভোটকেন্দ্রে সরবরাহের জন্য চটের থলিও প্রেরণ করা হবে। প্রত্যেক ভোটকেন্দ্রের সিল চটের থলিতে আবদ্ধ করে সিল গালা করতে হবে এবং ভোটগ্রহণ শেষে ঐ চটের থলিতেই সিল গালা করে প্রিজাইডিং অফিসারকে ফেরত দেয়ার নির্দেশনা দিতে হবে। তবে এ ক্ষেত্রে প্রিজাইডিং অফিসারের পক্ষে পিতলের সিল (ব্রাস সিল) থলিতে ভর্তি করা সম্ভব হবে না। কারণ পিতলের সিলের মাধ্যমে চটের থলি সিল গালা করতে হবে বিধায় পিতলের সিলটি পৃথকভাবে জমা দেয়ার নির্দেশনা দিতে হবে । অতঃপর পর্যাপ্ত পুলিশ প্রহারাধীনে যত তাড়াতাড়ি সম্ভব সহকারি রিটার্নিং অফিসার/রিটার্নিং অফিসারের নিকট তা হস্তান্তরের নির্দেশ দিতে হবে। সিলমোহরকৃত চটের গানি ব্যাগ ভোটকেন্দ্র হতে প্রেরণের পূর্বে গানি ব্যাগে ভোটকেন্দ্রের নম্বর ও নাম লিখিত কাগজ দ্বারা সেঁটে দিতে হবে।

৬। **নির্বাচনি দ্রব্যাদি ও ভোটগ্রহণ কর্মকর্তাদের গন্তব্যস্থলে পৌঁছানের জন্য সহায়তা** : ভোটগ্রহণের পূর্বের দিন প্রিজাইডিং অফিসারদের নিকট মালামাল বিতরণ করার পর ভোটকেন্দ্রে গমনের জন্য ব্যবস্থা করা এবং ভোটকেন্দ্রে ভোট গণনা শেষে ফলাফল ও নির্বাচনি দ্রব্যাদিসহ সহকারী রিটার্নিং অফিসারের দপ্তরে আসার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্বাচনি

দ্রব্যাদি পরিবহন বিশেষ করে ভোটকেন্দ্র হতে ফলাফল ও নির্বাচনি দ্রব্যাদি উপজেলা সদরে নিয়ে আসার সময় আইন-শৃঙ্খলা বাহিনীকে বিশেষ সর্তকতা অবলম্বন করতে হবে। প্রয়োজনে নির্বাচনি এলাকায় দায়িত্ব পালনরত মোবাইল ও স্ট্রাইকিং ফোর্সের সহায়তা নিতে হবে।

৭। **নির্বাচনি কাগজপত্রাদি নিরাপত্তা সহকারে সংরক্ষণ:** জাতীয় সংসদের **২৮৫ চট্টগ্রাম-৮** শূন্য আসনের নির্বাচন শেষে সমস্ত নির্বাচনি কাগজপত্র গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪২ এর বিধান অনুসারে সংরক্ষণ করতে হবে। মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত মোতাবকে নির্বাচনি কাগজপত্রাদি সরকারি কোষাগারে (ট্রেজারিতে ডাবল লকে) সংরক্ষণ করতে হবে এবং সংরক্ষণে সর্বোচ্চ নিরাপত্তা ও রক্ষামূলক ব্যবস্থা (safety and protection) গ্রহণ করতে হবে।

৮। বর্ণিতাবস্থায়, ইভিএম-এর নিরাপত্তা, ইভিএম ও বিভিন্ন সিল সংরক্ষণ ও গোপনীয়তা রক্ষা এবং আইন অনুসারে নির্বাচনি কাগজপত্র সংরক্ষণ ও অনুরূপ বিষয়ে জাতীয় সংসদ সাধারণ নির্বাচন উপলক্ষে জারিকৃত নির্দেশনা অনুসারে কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংলগ্নী: বর্ণনা মোতাবেক

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-১ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫৮ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা
চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৬.১৯-৫০১

তারিখঃ ০৮ পৌষ ১৪২৬ / ২৩ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, ................................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ......................................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
১১. উপমহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৭. জেলা প্রশাসক, চট্টগ্রাম
১৮. পুলিশ সুপার, চট্টগ্রাম
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম/রাঙ্গামাটি ও সহকারী রিটার্নিং অফিসার
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম
২২. উপজেলা নির্বাহী অফিসার, ............................. (সংশ্লিষ্ট), চট্টগ্রাম
২৩. জেলা তথ্য অফিসার, চট্টগ্রাম
২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. মাননীয় নির্বাচন কমিশনারের একান্ত সচিব, জনাব ................................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৮. উপজেলা/থানা নির্বাচন অফিসার ......................... (সংশ্লিষ্ট), চট্টগ্রাম
২৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ......................... (সংশ্লিষ্ট) থানা, চট্টগ্রাম।

২৩/১২/১৯

(মোহাম্মদ মোরশেদ আলম)
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০